# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৯৭/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ১০ এপ্রিল ২০১৮, ২৭ চৈত্র ১৪২৪**


১। বিদ্যমান কোটা পদ্ধতি পরীক্ষা-নিরীক্ষার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী

২। সরকারি কর্মচারীদের ই-মেইল ব্যবহারে নীতিমালা মন্ত্রিসভায় অনুমোদন

৩। ভারতের সঙ্গে তিস্তা ইস্যু সমাধানে প্রধানমন্ত্রীর আশাবাদ

৪। প্রধানমন্ত্রীকে একাত্তরে পাকবাহিনীর আত্নসমর্পণের রেপ্লিকা উপহার দিয়েছে ভারতীয় পূর্বাঞ্চলীয় কমান্ড

৫। বাংলাদেশ-ভারত পররাষ্ট্র সচিব বৈঠক : রোহিঙ্গা সমস্যা সমাধানে সহযোগিতার আশ্বাস

৬। রোহিঙ্গাদের স্থায়ী প্রত্যাবর্তনে সহযোগিতা করবে বেইজিং : স্পিকারের সঙ্গে সাক্ষাৎকালে চীনা রাষ্ট্রদূত

৭। সংবাদপত্র শিল্পে ব্যবহৃত নিউজপ্রিন্টের কর প্রত্যাহারের ঘোষণা অর্থমন্ত্রীর

৮। প্রতি বছর গড়ে বিদেশে যাচ্ছে ৬ লাখ শ্রমিক : সংসদে প্রবাসী কল্যাণমন্ত্রী

৯। বাংলাদেশ থেকে পোশাক আমদানি করতে আগ্রহ প্রকাশ করেছে ইরাক


চলমান পাতা-২



**১। বিদ্যমান কোটা পদ্ধতি পরীক্ষা-নিরীক্ষার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি চাকরির বিদ্যমান কোটা পদ্ধতি পরীক্ষা-নিরীক্ষা করে দেখার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। গতকাল (৯ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার

নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী কোটা নিয়ে সংশ্লিষ্টদের ব্যাখ্যা বিশ্লেষণ চেয়ে এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১) ।

**২। সরকারি কর্মচারীদের ই-মেইল ব্যবহারে নীতিমালা মন্ত্রিসভায় অনুমোদন**

বিভিন্ন সরকারি কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের ই-মেইল ব্যবহারের জন্য নতুন একটি নীতিমালা তৈরি করেছে সরকার। এর ফলে সরকারি কাজে আর জি-মেইল, ইয়াহুসহ অন্য যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে পারবেন না সরকারি কর্মকর্তা-কর্মচারীরা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (৯ এপ্রিল সোমবার) তাঁর কার্যালয়ে মন্ত্রিসভা বৈঠকে 'সরকারি ই-মেইল নীতিমালা- ২০১৮' এর খসড়া অনুমোদন দেওয়া হয়। এছাড়াও মন্ত্রিসভায় 'কৃষি বিপণন আইন, ২০১৮' ও 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮' এর খসড়া নীতিগত অনুমোদন এবং 'স্ট্যান্ডার্ড ওজন ও পরিমাপ আইন, ২০১৮' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৬)।

**৩। ভারতের সঙ্গে তিস্তা ইস্যু সমাধানে প্রধানমন্ত্রীর আশাবাদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের সঙ্গে তিস্তার পানিবণ্টন ইস্যু সমাধানে আশাবাদ ব্যক্ত করেছেন। ভারতের পররাষ্ট্র সচিব বিজয় কেশব গোখলে গতকাল (৯ এপ্রিল সোমবার) সংসদ ভবনস্থ প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করে বলেন, 'আমরা অনেক সমস্যারই সমাধান করেছি, এখন একটি সমস্যাই সমাধানের বাকি, সেটা হচ্ছে তিস্তা সমস্যা।' বিজয় কেশব গোখলে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের সঙ্গে করা সকল অঙ্গীকার বাস্তবায়ন করতে চান। তিনি বলেন, 'আমরা বাংলাদেশের সঙ্গে চলমান সকল প্রকল্প পর্যবেক্ষণ করছি।' রোহিঙ্গা ইস্যুর বিষয়ে ভারতের পররাষ্ট্র সচিব বলেন, বাংলাদেশ থেকে তাদের সকল নাগরিককে দেশে ফিরিয়ে নেওয়ার বিষয়ে ভারত মিয়ানমারকে ক্রমাগত আহ্বান জানিয়ে আসছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

**৪। প্রধানমন্ত্রীকে একাত্তরে পাকবাহিনীর আত্মসমর্পণের রেপ্লিকা উপহার দিয়েছে ভারতীয় পূর্বাঞ্চলীয় কমান্ড**

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে **১৯৭১** সালের **১৬** ডিসেম্বর ঢাকায় পাকিস্তানি সেনাবাহিনীর আত্মসমর্পণের একটি রেপ্লিকা উপহার দিয়েছে ভারতের পূর্বাঞ্চলীয় কমান্ড। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন গতকাল (৯ এপ্রিল সোমবার) মন্ত্রিসভার বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রীর কাছে রেপ্লিকাটি হস্তান্তর করেন। বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষে ২০১৭ সালের ডিসেম্বরে কলকাতায় ফোর্ট উইলিয়ামে অনুষ্ঠিত এক সংবর্ধনা অনুষ্ঠানে পূর্বাঞ্চলীয় কমান্ডের কমান্ডার লে. জেনারেল অব্যয় কৃষ্ণ মন্ত্রীর কাছে এ রেপ্লিকাটি প্রদান করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৫। বাংলাদেশ-ভারত পররাষ্ট্র সচিব বৈঠক : রোহিঙ্গা সমস্যা সমাধানে সহযোগিতার আশ্বাস**

রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ সমাধানে ভারত বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা দেবে বলে আশ্বাস দিয়েছেন ভারতের পররাষ্ট্র সচিব বিজয় গোখলে। এছাড়া যত দ্রুত সম্ভব তিস্তার পানিবন্টন চুক্তি সম্পাদনে প্রতিশ্রুতি দিয়েছে ভারত। গতকাল (৯ এপ্রিল সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্র সচিব মো. শহীদুল হকের সঙ্গে বৈঠকের পর ভারতের পররাষ্ট্র সচিব এসব কথা বলেন। বৈঠকশেষে দুই দেশের মধ্যে ছয়টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সংবাদ সম্মেলনে গোখলে বলেন, বর্ষা মৌসুমে রোহিঙ্গাদের চাহিদার কথা বিবেচনায় নিয়ে



মিয়ানমারের বাস্তুচ্যুত এই জনগণের সহায়তায় দ্বিতীয় দফায় ত্রাণ সামগ্রী পাঠাচ্ছে ভারত। এছাড়া রোহিঙ্গা নারী ও শিশুদের জন্য মাঠ পর্যায়ে হাসপাতাল চালু করতে যাচ্ছে দেশটি। সর্বোপরি রোহিঙ্গাদের দ্রুত

প্রত্যাবাসন এ সমস্যার শান্তিপূর্ণ সমাধানে বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা দেবে ভারত। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৬। রোহিঙ্গাদের স্থায়ী প্রত্যাবর্তনে সহযোগিতা করবে বেইজিং : স্পিকারের সঙ্গে সাক্ষাৎকালে চীনা রাষ্ট্রদূত**

রোহিঙ্গাদের স্থায়ী প্রত্যাবর্তনে বাংলাদেশের পাশে থেকে অব্যাহত সহযোগিতার আশ্বাস দিয়েছে চীন। গতকাল (৯ এপ্রিল সোমবার) জাতীয় সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাতে বাংলাদেশে নবনিযুক্ত চীনের রাষ্ট্রদূত ঝ্যাং জু এ আশ্বাস দেন। সাক্ষাৎকালে তাঁরা সংসদীয় চর্চা, রোহিঙ্গা ইস্যু এবং বাংলাদেশের বাণিজ্য, বিনিয়োগ ও উন্নয়নসহ দ্বিপাক্ষীক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, চীন বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু এবং উন্নয়ন অংশীদার। দু'দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের সুসম্পর্ক বিদ্যমান। এ সম্পর্ককে আরও বৃদ্ধি করে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের যথেষ্ট সুযোগ রয়েছে। রোহিঙ্গা ইস্যুতে চীনের সহযোগিতা কামনা করে স্পিকার বলেন, বাংলাদেশ আলোচনার মাধ্যমে রোহিঙ্গাদের শান্তিপূর্ণ স্থায়ী প্রত্যাবর্তন চায়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২)।

**৭। সংবাদপত্র শিল্পে ব্যবহৃত নিউজপ্রিন্টের কর প্রত্যাহারের ঘোষণা অর্থমন্ত্রীর**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সংবাদপত্র শিল্পে ব্যবহৃত প্রধান কাঁচামাল আমদানি করা নিউজপ্রিন্টের কর (মূল্য সংযোজন কর ও অগ্রিম আয়কর) প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন। এ ছাড়া করপোরেট করহার কমানো এবং ফেসবুক ও গুগলের বিজ্ঞাপনের আয়ের ওপর কর আরোপ করা হবে বলে জানান তিনি। আগামী অর্থবছরের বাজেটে এ সব পদক্ষেপ নেওয়া হবে। গতকাল (৯ এপ্রিল সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বিভিন্ন পত্রিকার সম্পাদক ও ইলেকট্রনিক মিডিয়ার শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে প্রাক্-বাজেট আলোচনা করেন অর্থমন্ত্রী। বৈঠকশেষে তিনি এসব কথা জানান। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**৮। প্রতি বছর গড়ে বিদেশে যাচ্ছে ৬ লাখ শ্রমিক : সংসদে প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, গড়ে বাংলাদেশ থেকে প্রতি বছর প্রায় ৬ লাখ কর্মী বিদেশে কর্মসংস্থান লাভ করে। তিনি বলেন, বাংলাদেশ থেকে বিশ্বের ১৬৫টি দেশে কর্মী পাঠানো হচ্ছে। জাতীয় সংসদে গতকাল (৯ এপ্রিল সোমবার) মন্ত্রী এ কথা বলেন। তিনি আরও বলেন, ২০১৬ সালে বিদেশগামী কর্মীর সংখ্যা ছিল ৭ লাখ ৫৭ হাজার ৭৩১ জন। ২০১৭ সালে তা বেড়ে ১০ লাখ ৮ হাজার ৫২৫ জনে উন্নীত হয়েছে যা বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে সর্বোচ্চ। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৯। বাংলাদেশ থেকে পোশাক আমদানি করতে আগ্রহ প্রকাশ করেছে ইরাক**

ইরাকের পোশাক ব্যবসায়ীরা বাংলাদেশ থেকে তৈরি পোশাকপণ্য আমদানি করতে আগ্রহ প্রকাশ করেছে। গতকাল (৯ এপ্রিল সোমবার) বিজিএমইএ অফিসে বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে এ তথ্য জানান ইরাকে বাংলাদেশের রাষ্ট্রদূত আবু মাকসুদ এম ফরহাদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ. ১৮, ক. ২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :** বাংলাদেশ মহিলা পরিষদ প্রকাশিত এক প্রতিবেদনে গত মার্চ মাসে ৩৯৩ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে নারী ও কন্যাশিশুর ওপর প্রতিহিংসার বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

খ. **যুগান্তর :** আশুলিয়ায় গ্যাসের চুলা বিস্ফোরণে একই পরিবারের তিনজন দগ্ধ ও দেয়াল ধসে অন্য ৫ জনের আহত হওয়ার ঘটনাটি দুঃখজনক উল্লেখ করে গ্যাস সংক্রান্ত এ ধরনের দুর্ঘটনা রোধে লাইনগুলোর সংস্কার ও রক্ষণাবেক্ষণ জরুরি বলে মন্তব্য ।

গ. **সমকাল, প্রথম আলো :** দেশের বিভিন্ন সড়কপথের বেহাল দশা নিয়ে জাতীয় সংসদ সদস্যদের উদ্বেগ প্রকাশ করাকে যথার্থ উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** রাজধানীতে নির্মীয়মান দেশের প্রথম মেট্রোরেলের প্রথম স্প্যানটি দৃশ্যমান হওয়ায় স্বস্তি প্রকাশ করে পুরো প্রকল্পটি দ্রুত ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ইত্তেফাক :** হবিগঞ্জের আলোচিত বিউটি হত্যাকাণ্ডের জন্য দায়ীদের কঠোর শাস্তির দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** গত আট বছরে বজ্রপাতে ১০০০ লোকের প্রাণহানি ঘটেছে এক পরিসংখ্যানে তা প্রকাশিত হওয়ার উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ছ. **নিউ এজ :** রাজধানীতে ওয়াসার সাপ্লাইকৃত পানির স্বল্পতা জনদুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কৃষিতে যে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়েছে তা দেশের অর্থনীতিকে গতিশীল করবে বলে অভিমত প্রকাশ।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'প্রযুক্তির অপব্যবহারে বিপন্ন নারী ও যুবসমাজ'** শিরোনামের নিবন্ধে ছেলেমেয়েদের মোবাইলের অপব্যবহার সর্ম্পর্কে বুঝিয়ে বলা অভিভাবকদের দায়িত্ব বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা